



বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন  
আইইবি ভবন, রমনা, ঢাকা - ১০০০।  
লাইসেন্সিং শাখা



স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৭০২.৪৬.২২২.২০.১০৪৩

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯

১৬ মে ২০২২

বিষয়: সিনেট কমিউনিকেশন (CNET Communication) এর অনুকূলে লাইসেন্স নবায়ন প্রসঙ্গে।

সূত্র: সিনেট কমিউনিকেশন (CNET Communication) এর পত্র নং-নাই, তারিখঃ ২৪.০২.২০২২খ্রিঃ।

লাইসেন্স নবায়ন পত্র

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সিনেট কমিউনিকেশন (CNET Communication) কর্তৃক দাখিলকৃত আবেদন বিবেচনায় নিম্নোক্ত শর্তে প্রতিষ্ঠানটির উপজেলা/ থানা আইএসপি লাইসেন্সটি কাফরুল থানার জন্য ২৪.১১.২০২১ খ্রিঃ হতে ২৩.১১.২০২৬ খ্রিঃ তারিখ পর্যন্ত মেয়াদে নবায়নের অনুমোদন প্রদান করা হলোঃ

শর্তঃ

- (০১) আপনার প্রতিষ্ঠানকে প্যারেন্টাল গাইডেন্স প্রদানসহ তা প্রতিপালন করতে হবে;
- (০২) লাইসেন্সপ্রাপ্ত প্রতিষ্ঠানকে বাধ্যতামূলকভাবে আইএসপিএবি (ISPAB)-এর সদস্য পদ গ্রহণ করতে হবে;
- (০৩) আপনার প্রতিষ্ঠানকে প্রতি সপ্তাহে তাদের গ্রাহকদের হালনাগাদ তালিকা স্থানীয় থানা এবং বিটিআরসিতে প্রেরণ করতে হবে;
- (০৪) আইএসপি লাইসেন্সধারী প্রতিষ্ঠান কেবলমাত্র তার লাইসেন্সের জন্য নির্ধারিত ভৌগোলিক সীমানাতেই আইনসম্মত কর্মকাণ্ড পরিচালনা করবে;
- (০৫) আপনার প্রতিষ্ঠানকে সিসিটিভি (CCTV) এর আওতায় আনতে হবে এবং এ সংক্রান্ত তথ্য কমিশনে প্রদান করতে হবে;
- (০৬) বিটিআরসি'র ডাটা ইনফরমেশন সিস্টেম (Data Information System) সহ অন্যান্য ডাটাবেইজসমূহে নিয়মিত তথ্য প্রদান করতে হবে;
- (০৭) আইএসপি গাইডলাইনের ধারা ৩৮.১০ অনুযায়ী সাইবার ক্যাফেসহ সকল সেবা গ্রহণকারীদের আইপি লগ (IP Log) সংরক্ষণ করতে হবে এবং চাহিবা মাত্র প্রদান করতে হবে;
- (০৮) সরকার কর্তৃক অনুমোদিত “এক দেশ এক রেট” সহ অন্যান্য ট্যারিফ প্ল্যান কমিশনের সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ হতে লিখিতভাবে অনুমোদন গ্রহণ করতঃ গুনগত মান বজায় রেখে গ্রাহকদের সেবা প্রদান করতে হবে;
- (০৯) লাইসেন্স প্রাপ্ত প্রতিষ্ঠান কোন প্রকার এজেন্ট নিয়োগ করতে পারবে না;
- (১০) আইএসপি গাইডলাইন এর ধারা ৩৬ অনুযায়ী ওয়েববেইজড একসেস (Web Based Access) এর জন্য কমিশনকে প্রয়োজনীয় অনলাইন মনিটরিং সিস্টেম ও কানেক্টিভিটি প্রদান করতে হবে;
- (১১) লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করা যাবে না; লাইসেন্সের কোন শর্ত ভঙ্গ করলে সরকার যে কোন সময় লাইসেন্স বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে;
- (১২) কোন কারণ ব্যতিরেকে যে কোন সময় এ আদেশ বাতিলের এখতিয়ার সরকার কর্তৃক সংরক্ষিত;
- (১৩) ক্রম-৬ অনুযায়ী ডিআইএস (DIS) এ নিবন্ধন করতঃ প্রমাণক ইএন্ডও বিভাগের নিকট থেকে গ্রহণ করতে হবে।

এক্ষেত্রে জনাব শেখ তানবীর আহমেদ, উপ-সহকারী পরিচালক (email: tanbir@btrc.gov.bd) ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে কাজ করবেন।

০২। এমতাবস্থায়, সিনেট কমিউনিকেশন (CNET Communication) প্রতিষ্ঠানটিকে পত্র জারির তারিখ হতে পরবর্তী ৩০ (ত্রিশ) দিনের মধ্যে আইএসপি গাইডলাইনের রুল নং-১৭ এর বিধান মোতাবেক নির্ধারিত ফরম্যাট অ্যাপেন্ডিক্স-৫ (Appendix-5) অনুযায়ী কাফরুল থানার জন্য প্রযোজ্য ব্যাংক গ্যারান্টি (Bank Guarantee) অথবা লাইসেন্সের পূর্ণমেয়াদের বার্ষিক ফি (Annual Fee) কমিশনে জমা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উক্ত সময়ের মধ্যে ব্যাংক গ্যারান্টি/ বার্ষিক ফি জমা প্রদানে ব্যর্থ হলে নবায়ন পত্রটি বাতিল বলে গন্য হবে। সেই সাথে অনুমোদনবিহীন আইএসপি সেবা প্রদান করা হলে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ আইন, ২০০১ অনুযায়ী আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৬-৫-২০২২

সনজিব কুমার সিংহ

উপ-পরিচালক (লাইসেন্সিং)

ফোন: +৮৮০১৫৫২২০২৮৫৩

ফ্যাক্স: +৮৮০ ২ ৯৫৫৬৬৭৭

ইমেইল: sunjib@btrc.gov.bd

স্বত্বাধিকারী,

সিনেট কমিউনিকেশন, ৫৯৭/১, নর্থ কাফরুল, কাফরুল,

ঢাকা-১২০৬.

স্মারক নম্বর: ১৪.৩২.০০০০.৭০২.৪৬.২২২.২০.১০৪৩/১(৩)

তারিখ: ২ জ্যৈষ্ঠ ১৪২৯

১৬ মে ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) মহাপরিচালক, অর্থ, হিসাব ও রাজস্ব বিভাগ, বিটিআরসি।

২) পরিচালক (১), ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশন্স বিভাগ, বিটিআরসি।

৩) চেয়ারম্যান এর একান্ত সচিব, চেয়ারম্যান এর দপ্তর, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (ইহা চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য)

১৬-৫-২০২২

সনজিব কুমার সিংহ

উপ-পরিচালক (লাইসেন্সিং)